ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবসের র্যালি ও আলোচনা সভা

‘প্রলোভনের মুখোশ উন্মোচন করি, তামাক ও নিকোটিনের আসক্তি প্রতিরোধ করি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন করা হয়েছে।

বুধবার (৩ জুন) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় বক্তব্য দেন জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এম এ মজিদ, সিভিল সার্জন ডা. মো. কামরুজ্জামান এবং ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা বলেন, তামাক ও নিকোটিনের আসক্তি জনস্বাস্থ্যের জন্য একটি বড় হুমকি। বিশেষ করে তরুণ সমাজকে এ আসক্তি থেকে দূরে রাখতে সচেতনতা বৃদ্ধি এবং তামাক নিয়ন্ত্রণ আইন কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি তামাকমুক্ত সমাজ গঠনে সকলের সম্মিলিত উদ্যোগের আহ্বান জানান বক্তারা।

অনুষ্ঠানে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

৯১ বছর বয়সেও জোটেনি কোনো ভাতা কার্ড, সরকারি সুবিধার

অপেক্ষায় লতিফুন নেসা

৯১ বছর বয়সেও কোনো ধরনের সরকারি ভাতা কার্ড পাননি ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের রুদ্রপুর বিশ্বাসপাড়ার বাসিন্দা লতিফুন নেসা। বয়স্ক, বিধবা এবং শারীরিকভাবে অসুস্থ হওয়া সত্ত্বেও সরকারি ভাতা এর আওতায় না আসায় এলাকাজুড়ে প্রশ্ন উঠেছে আর কত বয়স হলে তিনি সরকারি এই সুবিধা পাবেন?

লতিফুন নেসা মৃত আবুল বিশ্বাসের স্ত্রী। প্রায় ৩০ বছর আগে ৬০ বছর বয়সে স্বামী মারা যাওয়ার পর থেকেই তিনি মানবেতর জীবনযাপন করছেন। বর্তমানে বয়সের ভারে ন্যুব্জ হয়ে পড়েছেন তিনি। কয়েক বছর আগে পড়ে গিয়ে আঘাতপ্রাপ্ত হওয়ার পর থেকে লাঠির ওপর ভর করে চলাফেরা করেন।

স্থানীয় সূত্রে জানা যায়, লতিফুন নেসা বর্তমানে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার যোগ্যতা রাখলেও এখন পর্যন্ত কোনো ভাতা কার্ড পাননি।

সংসার জীবনে দুই ছেলে ও পাঁচ মেয়ের জননী লতিফুন নেসা। মেয়েদের বিয়ে হয়ে গেছে। বর্তমানে তিনি দুই ছেলের সঙ্গেই বসবাস করেন। বড় ছেলে কাশেম বিশ্বাস (৭০) বয়সজনিত নানা রোগে আক্রান্ত হয়ে শারীরিকভাবে দুর্বল। ছোট ছেলে আব্দুল খালেক বিশ্বাস (৬৫) একজন শারীরিক প্রতিবন্ধী এবং তিনি প্রতিবন্ধী ভাতা পান।

স্বামীর মৃত্যুর পর থেকেই ছেলেদের ওপর নির্ভর করেই চলছে লতিফুন নেসার জীবন। ছেলেরা কোনোভাবে তার খাবারের ব্যবস্থা করতে পারলেও ওষুধ ও অন্যান্য প্রয়োজনীয় ব্যয় মেটাতে হিমশিম খেতে হচ্ছে। তাদের প্রত্যেকেরই আলাদা সংসার থাকায় মায়ের চিকিৎসা ও অন্যান্য খরচ বহন করা কষ্টসাধ্য হয়ে পড়েছে।

দীর্ঘদিন ধরে স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে ভাতা এর জন্য আবেদন করেও কোনো সুফল পাননি বলে অভিযোগ করেন তিনি। তবে সম্প্রতি তিনি অনলাইনে ভাতার জন্য নিবন্ধন করেছেন।

লতিফুন নেসা বলেন, “ভাতা এর টাকা পেলে নিজের ইচ্ছামতো কিছু কিনে খেতে পারতাম। নাতি-নাতনিদেরও কিছু দিতে মন চায়। কিন্তু টাকা না থাকলে কীভাবে দেব? তাই ভাতা এর টাকার খুব প্রয়োজন।”

তার পুত্রবধূ শেফালী খাতুন বলেন, “আমরা সংসার চালিয়ে শাশুড়িকে

দুই মুঠো খাবার দিতে পারি। কিন্তু তার চিকিৎসা ও অন্যান্য খরচ বহন করা আমাদের পক্ষে খুবই কঠিন। সরকারি ভাতা পেলে তিনি নিজের প্রয়োজন অনুযায়ী খরচ করতে পারতেন।”

প্রতিবেশী আব্দুল মজিদ বলেন, “প্রায় ৩০ বছর আগে তার স্বামী মারা গেছেন। তিনি দীর্ঘদিন ধরে বিধবা। বর্তমান বয়স ৯১ বছর। সে হিসেবে তিনি বয়স্ক ও বিধবা দুই ধরনের ভাতারই যোগ্য। এছাড়া চলাফেরায়ও কষ্ট হয়। তারপরও আজ পর্যন্ত কোনো ভাতা কার্ড পাননি। আর কত বয়স হলে তিনি এই সুবিধা পাবেন?”

তিনি আরও বলেন, “ভাতা কার্ড করে দেওয়ার কথা বলে বিভিন্ন সময়ে চেয়ারম্যান-মেম্বাররা তার ভোটার আইডি কার্ড ও ছবি নিয়েছেন। কিন্তু আজও কোনো কার্ড হয়নি।”

দোড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জলিল বলেন, “অপেক্ষমাণ তালিকায় ওই নারীর নাম ছিল না। প্রায় ১৫ দিন আগে নতুন যে তালিকা করা হয়েছে, সেখানে তার নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। ইউনিয়নে চার থেকে পাঁচশ’ আবেদনকারী রয়েছে। তাই বিষয়টি আগে জানা সম্ভব হয়নি। এখন বিষয়টি জেনেছি। সুযোগ এলে ব্যবস্থা নেওয়া হবে।”

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজ দীপা রানী সরকার বলেন, “আপনাদের মাধ্যমে জানতে পারলাম, ৯১ বছর বয়সী লতিফুন নেসা এখনো কোনো সরকারি ভাতার আওতায় আসেননি। তিনি ইতোমধ্যে অনলাইনে নিবন্ধনও করেছেন। নিবন্ধনের কাগজপত্র আমাকে দিতে বলুন। পাশাপাশি তাকে আমার সঙ্গে দেখা করতে বলবেন। সুযোগ থাকলে আমি সর্বোচ্চ চেষ্টা করব তাকে সরকারি ভাতার আওতায় আনার।”

ঝিনাইদহে ইসলামী ব্যাংকের গ্রাহকদের মানববন্ধন

ইসলামী ব্যাংকিং ব্যবস্থার স্বকীয়তা রক্ষা এবং গ্রাহকদের আমানতের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে ঝিনাইদহে মানববন্ধন করেছেন ইসলামী ব্যাংকের গ্রাহকরা।

মঙ্গলবার সকালে শহরের শের-ই-বাংলা সড়কে ইসলামী ব্যাংকের সামনে ‘সচেতন গ্রাহক’ ব্যানারে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে নারী- পুরুষসহ পাঁচ শতাধিক গ্রাহক ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করেন।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, সরকার ও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন সিদ্ধান্তের কারণে ইসলামী ব্যাংকিং ব্যবস্থার স্বকীয়তা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে ব্যাংকটির প্রতি গ্রাহকদের আস্থা কমে যাওয়ার পাশাপাশি দেশের অর্থনীতি এবং লাখো গ্রাহকের আমানত ঝুঁকির মুখে পড়তে পারে।

বক্তারা আরও বলেন, দেশের বিপুলসংখ্যক প্রবাসী ইসলামী ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স পাঠিয়ে থাকেন। চলমান পরিস্থিতির দ্রুত সমাধান না হলে প্রবাসীরা এ ব্যাংকের মাধ্যমে অর্থ পাঠানো কমিয়ে দিতে পারেন। এতে দেশের বৈদেশিক মুদ্রার প্রবাহ এবং সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে তারা আশঙ্কা প্রকাশ করেন।

মানববন্ধনে বক্তব্য দেন ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম, ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক সালফী আব্দুর রহমান, সদস্য সচিব আব্দুল মোমেন, জিয়াউল ইসলাম খান, মাহাবুবুর রহমান, ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান, আলতাফ হোসেন, নূরজাহান সাত্তার, ইয়াসমিন আরা, রিজিয়া বেগম এবং ফরিদা ইয়াসমিন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মাহাবুবুর রহমান। মানববন্ধন থেকে ইসলামী ব্যাংকিং ব্যবস্থার স্বকীয়তা রক্ষা এবং গ্রাহকদের স্বার্থ সংরক্ষণে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানানো হয়।

গ্রীষ্মের স্বস্তি খুঁজতে কোটচাঁদপুরে তালশাঁসের

দোকানে ভিড়

গ্রীষ্মের দাবদাহে স্বস্তি খুঁজতে কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ তালশাঁসের দোকানগুলোতে ভিড় করছেন ক্রেতারা। দাম কিছুটা বেশি হওয়ায় অভিযোগ থাকলেও তালের শাঁসের স্বাদ ও পুষ্টিগুণের কারণে পথচারী থেকে শুরু করে সব বয়সী মানুষের আগ্রহে ভাটা পড়েনি।

বর্তমানে কোটচাঁদপুরে একটি তাল ৩০ টাকা এবং প্রতিটি তালশাঁস ৭ টাকায় বিক্রি হচ্ছে। তালের মৌসুম শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পৌর শহরের কলেজ বাসস্ট্যান্ড বটতলা, পোস্ট অফিস মোড়, প্রধান বাজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সড়কসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে গড়ে উঠেছে অসংখ্য ভ্রাম্যমাণ তালশাঁসের দোকান।

স্থানীয় সূত্রে জানা যায়, আম, কাঁঠাল, লিচু ও ড্রাগনের পাশাপাশি গ্রীষ্মকালীন জনপ্রিয় ফলের মধ্যে তালশাঁস অন্যতম। গরমের সময় এর শীতল ও সুমিষ্ট স্বাদ মানুষের কাছে বিশেষভাবে সমাদৃত। ফলে প্রতিবছরের মতো এবারও সড়কের পাশে তালশাঁস বিক্রেতাদের দেখা যাচ্ছে।

দূর থেকে দেখলে এসব দোকানের সামনে মানুষের জটলা মনে হলেও কাছে গেলে দেখা যায়, বিক্রেতারা তালের স্তূপ নিয়ে বসে ক্রেতাদের জন্য একের পর এক তাল কেটে শাঁস বের করছেন। অনেক দোকানে বিক্রেতাদের সহায়তায় অতিরিক্ত লোকও কাজ করছেন।

তালশাঁস ক্রেতা আকরাম হোসেন বলেন, “তালের ভেতরের স্বচ্ছ, নরম শাঁস এবং মিষ্টি পানি গরমে যেমন তৃষ্ণা মেটায়, তেমনি শরীরের জন্যও উপকারী। তাই শিশু থেকে বয়স্ক—সব বয়সী মানুষ তালশাঁস কিনতে ভিড় করছেন। কৃত্রিম কোমল পানীয়ের চেয়ে এটি অনেক বেশি স্বাস্থ্যসম্মত ও প্রাকৃতিক।”

কলেজ বাসস্ট্যান্ড এলাকার তালশাঁস বিক্রেতা মোস্তফা মণ্ডল জানান, প্রায় ১০ বছর ধরে তিনি বটতলার নিচে তালশাঁস বিক্রি করছেন।

বছরের বাকি সময় ব্যাটারিচালিত ভ্যান চালিয়ে জীবিকা নির্বাহ করেন। তিনি বলেন, “মৌসুম এলেই তালশাঁস বিক্রি শুরু করি। ক্রেতার চাহিদা ভালো থাকায় ব্যবসাও মোটামুটি ভালো হয়।”

আরেক বিক্রেতা লক্ষ্মণ হালদার বলেন, “তালশাঁস বিক্রি একটি

মৌসুমি ব্যবসা। প্রতি বছর নির্দিষ্ট সময়েই এ ব্যবসা করা হয়। তবে গত বছরের তুলনায় এবার গাছ মালিকদের কাছ থেকে বেশি দামে তাল কিনতে হয়েছে। সে কারণে আমাদেরও কিছুটা বেশি দামে বিক্রি করতে হচ্ছে।”

দাম বৃদ্ধি নিয়ে কিছুটা অসন্তোষ থাকলেও গ্রীষ্মের তীব্র গরমে তালশাঁসের চাহিদা কমেনি। বরং প্রাকৃতিক ও স্বাস্থ্যকর খাদ্য হিসেবে এর জনপ্রিয়তা দিন দিন বাড়ছে বলে মনে করছেন বিক্রেতা ও ক্রেতারা।

ঝিনাইদহে পৃথক সড়ক দুর্ঘটনায় শিশুসহ দুজন নিহত

ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরের সামনে বাস চাকায় পিষ্ট হয়ে আরজ আলী (১৮) নামে এক মোটরসাইকেলের চালক নিহত হয়েছে|

আজ শুক্রবার (২৯ মে) বিকালে ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরের সামনে এই বাস চাপার ঘটনা ঘটে| নিহত মোটরসাইকেল চালক আরজ আলী কোটচাঁদপুর উপজেলার কালুখালী গ্রামের লিটন হোসেনর ছেলে|

এছাড়া, শৈলকুপায় চলন্ত অটোভ্যানের ধাক্কায় মীম খাতুন (৩) নামে এক শিশু নিহত হয়েছে| বেলা ১১টার দিকে শৈলকুপার গোসাইডাঙ্গা গ্রামে অটোভ্যান চাপায় শিশু নিহতের ঘটনা ঘটে| নিহত শিশু মিম খাতুন শৈলকুপার সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙা গ্রামের কবির হোসেনের মেয়ে|

পুলিশ ও স্থানীয়রা জানায়, বিকালে শহরের শহিদ মিনার চত্বরের সামনে মোটরসাইকেল নিয়ে রাস্তায় লেন পার হওয়ার সময় একটি বাস মোটরসাইকেলকে চাপা দেয়| এসময় মোটরসাইকেল চালক আরজ আলী ঘটনাস্থলেই নিহত হয়| পরে ফায়ার সার্ভিসের কর্মীরা মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠায়|

এদিকে, শৈলকুপার সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙ্গা গ্রামে নিজ বাড়ির সামনের রাস্তার পাশে খেলছিল শিশু মীম| এ সময় যাত্রীবাহী

একটি অটোভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে শিশুকে ধাক্কায় দেয়| এতে শিশুটি অটোভ্যানের চাকায় পিষ্ট হলে তাকে গুরুতর আহত অবস্থায় পরিবারের সদস্যরা উদ্ধার করে শৈলকুপা উপজেলা ¯^◌াস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়| সেখানে কর্তব্যরত চিকিৎসক শিশুটিকে মৃত ঘোষণা করেন|

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির মোল্লা জানান, অটোভ্যানের ধাক্কায় মিম খাতুন (৩) নামের এক শিশু নিহত হয়েছে| এই বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহন করা হবে|

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগের দায়িত্বরত ডা. তাপস কুমার বলেন, মোটরসাইকেল চালককে মৃত অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হয়| মরদেহ মর্গে রাখা হয়েছে|

ঝিনাইদহ সদর থানার ওসি মো. আসাদউজ্জামান বলেন, ময়নাতদন্তের জন্য মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে| ঘাতক বাসটি আটক করে থানায় রাখা হয়েছে| এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেয়া হবে|

বিএনপি সরকার আওয়ামী লীগের পথে হাঁটতে শুরু করেছে

এনসিপির দক্ষিণাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক ও সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ বলেছেন, “বর্তমান বিএনপি সরকার আওয়ামী লীগের পথে হাঁটতে শুরু করেছে। তারা পুলিশকে দলীয় লাঠিয়াল বাহিনীর মতো ব্যবহার করতে চাইছে। স্বাধীন বিচার ব্যবস্থার ওপর সরকারের হস্তক্ষেপ শুরু হয়েছে।”

গতকাল সোমবার বিকেল ৬টায় ঝিনাইদহ শহরের পায়রা চত্বরে স্থানীয় এনসিপি আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

গত ২২ মে ঝিনাইদহে এনসিপির কেন্দ্রীয় মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারীর ওপর ডিম নিক্ষেপ ও হামলার ঘটনা ঘটে। ওই ঘটনায় এনসিপি ও জেলা ছাত্রদল পাল্টাপাল্টি মামলা করে। ছাত্রদলের দায়ের করা মামলায় এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাসহ তিনজনকে

আটক করে পুলিশ। এর প্রতিবাদে সোমবারের সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে হাসনাত আবদুল্লাহ বলেন, “আইনমন্ত্রীর জেলা ঝিনাইদহ। দুঃখজনক হলেও সত্য, এখানকার আইন আদালত সরকারের একটি মহলের হাতে বন্দি হয়ে পড়েছে।”

তিনি আরও বলেন, “জুলাই গণ-অভ্যুত্থানের পর আমাদের আশা ছিল পুলিশ জনগণের বাহিনী হবে। কিন্তু এখন দেখা যাচ্ছে, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা নিজেদের সরকারপন্থি হিসেবে উপস্থাপন করছেন।”

হাসনাত আবদুল্লাহ অভিযোগ করে বলেন, “সরকার আওয়ামী লীগের মতো বিচার বিভাগ ও পুলিশকে দলীয় এজেন্ডা বাস্তবায়নের হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। আওয়ামী লীগ এ কারণেই জনরোষে বিদায় নিয়েছে। বর্তমান সরকারও যদি একই পথে হাঁটে, তাহলে জনগণ তা মেনে নেবে না।”

তিনি আরও বলেন, “আজ বিএনপি, এনসিপি ও জামায়াত নিজেদের মধ্যে সংঘাতে জড়াচ্ছে, আর ভারতে বসে আওয়ামী লীগ হাসছে। জুলাই গণ-অভ্যুত্থানের পর এমন পরিস্থিতি হওয়ার কথা ছিল না।”

সংবাদ সম্মেলন শেষে এনসিপি নেতাকর্মীরা পায়রা চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

এসময় বক্তব্য দেন এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজা ও মুখ্য সমন্বয়ক রিফাত রশিদসহ অন্যান্য নেতারা।

প্রসঙ্গত, ছাত্রদল নেতার দায়ের করা মামলায় রোববার এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেপ্তার করা হয়। সোমবার সকালে ঝিনাইদহ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত তার জামিন মঞ্জুর করেন। তবে একই মামলায় যুবশক্তির কেন্দ্রীয় নেতা অয়ন রহমান খানের জামিন আবেদন নামঞ্জুর করা হয়।

ঝিনাইদহে এনসিপির তারেক রেজা সন্ধ্যায় গ্রেফতার সকালে জামিন

ঝিনাইদহে ছাত্রদলের মামলায় গ্রেফতার জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজা জামিন পেয়েছেন। জামিনের পরে সোমবার (২৫ মে) সকাল সাড়ে ১০টায় ঝিনাইদহ জেলা কারাগার থেকে তিনি মুক্তি পান।

সোমবার ১০টায় ঝিনাইদহ চিফ জুডিশ্যল ম্যাজিস্ট্রেট আদালতে জামিন আবেদন করেন আসামী পক্ষের আইনজীবীরা।

জামিন শুনানি শেষে আদালত এনসিপি নেতা তারেক রেজার জামিন মঞ্জুর করেন। তবে একই মামলায় গ্রেফতারকৃত যুবশক্তি’র কেন্দ্রীয় নেতা অয়ন রহমান খানের জামিন না মঞ্জুর করেছেন আদালত।

এর আগে রোববার (২৪ মে) সন্ধ্যায় এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজা ও যুবশক্তি’র কেন্দ্রীয় নেতা অয়ন রহমান কে ঝিনাইদহের একটি আদালতে সোপর্দ করে ঝিনাইদহ থানা পুলিশ। রাতেই বাদী ও বিবাদী পক্ষের যুক্তিতর্ক শেষে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

রোববার (২৪ মে) রাত সাড়ে ১০টায় ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ হোসেন জরুরি প্রেস ব্রিফিং করে এসব তথ্য জানান সাংবাদিকদের।

ঝিনাইদহে ছাত্রদলের মামলায় এনসিপি নেতা তারেক রেজা গ্রেপ্তার

ঝিনাইদহে এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেপ্তার করেছে পুলিশ। জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি এনামুল

কবিরের দায়ের করা হামলা ও হত্যার হুমকির মামলায় তাকে গ্রেপ্তার করা হয়।

গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ঝিনাইদহ স্টেডিয়ামসংলগ্ন ফ্যামিলি জোন মিলনায়তনের সামনে থেকে সদর থানা পুলিশের একটি টিম তাকে গ্রেপ্তার করে।

জানা গেছে, এনসিপি নেতা তারেক রেজা ওই দিন সন্ধ্যায় ফ্যামিলি জোন মিলনায়তনে জরুরি সংবাদ সম্মেলনের আয়োজন করেছিলেন। সেখানে পৌঁছানোর পরপরই পুলিশ তাকে আটক করে। এ সময় ঝিনাইদহ সদর থানার ওসি মো. আসাদুজ্জামান, সাদা পোশাকের পুলিশ সদস্য ও গোয়েন্দা সংস্থার সদস্যরা উপস্থিত ছিলেন।

সদর থানার ওসি মো. আসাদুজ্জামান জানান, হামলা, ভাঙচুর ও হত্যার হুমকির অভিযোগে শনিবার তারেক রেজাসহ কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। সেই মামলায় তাকে গ্রেপ্তার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে।

প্রসঙ্গত, গত ২২ মে ঝিনাইদহ সফরে আসেন এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারী। ওই দিন জুমার নামাজের পর স্থানীয় ছাত্রদল ও এনসিপির নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

এ ঘটনায় তারেক রেজা বাদী হয়ে ছাত্রদলের স্থানীয় আট নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেন। পরদিন জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি এনামুল কবির তারেক রেজাসহ ২২ জনকে আসামি করে পাল্টা মামলা দায়ের করেন। সেই মামলায় রোববার সন্ধ্যায় তারেক রেজাকে গ্রেপ্তার করা হয়।

ঝিনাইদহে ইসলামী ব্যাংকের গ্রাহকদের মানববন্ধন

ঝিনাইদহে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর গ্রাহকরা মানববন্ধন

কর্মসূচি পালন করেছেন।

রোববার (২৪ মে) সকালে শহরের শের-এ বাংলা সড়কে ইসলামী ব্যাংক শাখার সামনে ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম-এর ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়। এতে ব্যানার-ফেস্টুন নিয়ে ব্যাংকের দুই শতাধিক গ্রাহক অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরামের নেতা ড. মোস্তাফিজুর রহমান মানিক, আব্দুল কুদ্দুস, জিয়াউল ইসলাম খান, হাদী মোহাম্মদ, আব্দুর রহমান সালাফী, সদস্য সচিব মো. আব্দুল মোমেন, সবুর আহম্মেদসহ অন্যান্যরা।

বক্তারা অভিযোগ করে বলেন, সরকার ও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন হস্তক্ষেপে দেশের ইসলামী ব্যাংকিং ব্যবস্থা আজ ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে। সাম্প্রতিক বিভিন্ন সিদ্ধান্তের কারণে ইসলামী ব্যাংকের স্বকীয়তা ও কার্যক্রম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে শুধু ব্যাংকটির স্বাভাবিক কার্যক্রমই ব্যাহত হচ্ছে না, দেশের অর্থনীতি ও লাখো গ্রাহকের আমানতের নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হয়েছে।

এ সময় বক্তারা আরও বলেন, ইসলামী ব্যাংক বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুককে সাময়িক ছুটিতে পাঠিয়ে তাকে স্থায়ীভাবে ব্যাংক থেকে সরিয়ে দেওয়ার অপচেষ্টা চলছে। তারা এ ধরনের উদ্যোগে গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে ওমর ফারুককে তার দায়িত্বে পুনর্বহালের দাবি জানান।

পাশাপাশি ইসলামী ব্যাংকিং ব্যবস্থার স্বকীয়তা অক্ষুণ্ন রাখা, গ্রাহকদের আমানতের নিরাপত্তা নিশ্চিত করা এবং ব্যাংকের স্বাভাবিক কার্যক্রমে সকল ধরনের হস্তক্ষেপ বন্ধে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তারা।

ঝিনাইদহে স্ত্রীকে কুপিয়ে হত্যার অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া গ্রামে পারিবারিক কলহের জের ধরে সাগরিকা আক্তার বুলবুলি নামের এক গৃহবধুকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামী শিমুল মিয়ার বিরুদ্ধে। এ ঘটনার পর থেকে পলাতক রয়েছে অভিযুক্ত স্বামী।

রোববার (২৪মে) ভোররাতে সদর উপজেলার গোয়ালপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত সাগরিকা আক্তার বুলবুলি সদর উপজেলার করিমপুর গ্রামের ইন্তাজ আলী বিশ্বাসের মেয়ে এবং পলাতক স্বামী শিমুল হোসেন একই উপজেলার গোয়ালপাড়া গ্রামের রহিম মিয়ার ছেলে।

নিহতের পিতা ইন্তাজ আলী বিশ্বাস অভিযোগ করেন, বেশ কয়েকদিন ধরে শিমুল তার স্ত্রী বুলবুলিকে মানসিক ও শারীরিক অত্যাচার করে আসছিলো। বাবার বাড়ি থেকে টাকা আনার জন্য চাপও দিচ্ছিলো। এর আগের মারধর করার কারণে বুলবুলি বাবার বাড়িতে চলে যায়। গত ৩ দিন আগে শিমুল তাকে নিয়ে বাড়িতে আসে।

শনিবার গভীর রাতে বুলবুলিকে কুপিয়ে গুরুতর আহত করে শিমুল। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থা রোববার ভোররাতে মারা যায় বুলবুলি।

এ ঘটনার পর থেকে পলাতক রয়েছে অভিযুক্ত স্বামী শিমুল হোসেন। হত্যাকারী শিমুল হোসেনকে গ্রেফতার করে শাস্তির দাবি জানিয়েছেন স্বজনরা।

ঝিনাইদহ সদর থানার ওসি আসাদউজ্জামান বলেন, ঘটনার সংবাদ শুনে আমি ঘটনাস্থলে গিয়েছিলাম। আসামী গ্রেফতারে অভিযান চলছে।